



তথ্যবিবরণী

নম্বর-০৪৫

## রাজশাহীতে মহিলা সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৪ আশ্বিন (১৯ সেপ্টেম্বর):

আজ বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) সকালে রাজশাহী জেলার পবা উপজেলার দারুশা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে রাজশাহী জেলা তথ্য অফিসের আয়োজনে নারী সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ সাইদুল ইসলাম এর সভাপতিত্বে জেলা তথ্য অফিসের পরিচালক মোহাঃ ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ সাইফুল ইসলাম, দারুশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরা খাতুন প্রমুখ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তাগণ, বৈষম্যহীন রাষ্ট্র গঠনে জনসচেতনতা সৃষ্টি, তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ, বাল্যবিবাহের কুফল, নারী শিক্ষার গুরুত্ব, শিশু ও মাতৃস্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মাদক ও গুজব প্রতিরোধ, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্যবহার এবং তথ্য অধিকারসহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও ডেঙ্গু প্রতিরোধে সচেতন হওয়ার আহ্বান জানান।

উল্লেখ্য, নারী সমাবেশ ও মতবিনিময় সভার শুরুতে মাদক, বাল্যবিবাহ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭.০০ ঘ.